

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৮.২০১৯-১৭৫৩/৭

তারিখ : ২৩ / ০১ / ১৪২৬ বঙ্গাব্দ
৩ / ০৫ / ২০১৯ খ্রিস্টাব্দ


বিষয় : শূন্যপদে শিক্ষক নিয়োগের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে এনটিআরসিএ তে নির্ভুলভাবে ই-রিকুইজিশন প্রদান।

সূত্র : ০৩/০৪/২০১৯ তারিখে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শূন্যপদে চাহিদার ভিত্তিতে এনটিআরসিএ কর্তৃক এন্ট্রি পর্যায়ে শিক্ষক নিয়োগ ও পদায়ন করা হয়। প্রতিষ্ঠান থেকে যথাযথভাবে শূন্যপদের চাহিদা না দেয়ার কারণে এনটিআরসিএ কর্তৃক পদায়নকৃত শিক্ষকদের যোগদানের ক্ষেত্রে হ্যারানির স্বীকার হতে হয়। বিষয়টি ০৩/০৪/২০১৯খ্রি. তারিখে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভায় আলোচিত হয়। শূন্যপদে শিক্ষক নিয়োগের জন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে এনটিআরসিএ তে ই-রিকুইজিশন প্রদানের বিষয়টি নির্ভুলভাবে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক শূন্যপদে শিক্ষক নিয়োগের জন্য এনটিআরসিএ তে ই-রিকুইজিশন প্রদানের সময় নির্ভুলভাবে শূন্যপদের চাহিদা প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। অন্যথায় জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(ঘ) অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

----- (সকল বেসরকারি কলেজ)



বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষা নিবন্ধন কর্তৃপক্ষ(এনটিআরসিএ), ইস্কাটন, ঢাকা;
- ০৩। গভর্নিং বডি ----- (সকল)
- ০৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- (সকল)
- ০৫। জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)
- ০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ----- (সকল)
- ০৭। সংরক্ষণ নথি।